# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 05 May, 2025

লালমনিরহাটের কালীগঞ্জ  উপজেলার ভোটমারী ইউনিয়নের চৌধুরীরহাট এলাকায় আনোয়রুল ইসলাম (৩৮) নামে এক ভ্যান চালক গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন।

সোমবার( ৫ মে) সকালে উপজেলার ভোটমারী  ইউনিয়নের নোহালী এলাকায় এ ঘটনা ঘটে।আনোয়ারুল একই এলাকার রুস্তম আলী  ছেলে।

স্থানীয়রা জানান,  আনোয়ারুল সোমবার ১০টার সময় বাড়ির সকলের অগোচরে নিজের ঘরের আড়ার সঙ্গে রশি দিয়ে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন।পরে তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে পরিবারের লোকজনের চিৎকারে আশপাশের লোকজন ছুটে আসে।খবর পেয়ে পুলিশ গিয়ে ঝুলন্ত লাশ উদ্ধার করে।তবে কী কারণে সে আত্মহত্যা করেছেন এখন পর্যন্ত এর প্রকৃত কারন জানা যায়নি বলেও জানান তারা।

এ ব্যাপারে কালীগঞ্জ থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম মালিক বলেন, খবর পেয়ে ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করা হয়।পরে লাশের সুরতাল রিপোর্ট প্রস্তুত করে মৃত্যুর সঠিক কারণ নির্ণয়ের জন্য লালমনিরহাট  সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

আত্মহত্যা গলায় ফাঁস লাশ উদ্ধার লাশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:33